# পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৫




অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৫





## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org, www.এসইসিবিডি.বাংলা

E-mail: info@sec.gov.bd

| ক্রম | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ | ০৫ |
| ২ | পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার ও অন্যান্য বিশেষ কার্যক্রম | ০৬ |
| ২.১ | এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination)'-এর উদ্বোধন অনুষ্ঠান | ০৬ |
| ২.২ | বিএসইসি চেয়ারম্যান এবং কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যানসহ শ্রীলঙ্কার বিনিয়োগকারী দলের সৌজন্য সাক্ষাৎ | ০৮ |
| ২.৩ | 'ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ' কর্মসূচি প্রবর্তন | ০৯ |
| ২.৪ | বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনারগণের সাথে কমিশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর সভা অনুষ্ঠান | ১০ |
| ২.৫ | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা এবং মার্জিন রুলসের বিষয়ে টাস্কফোর্সের খসড়া সুপারিশ সম্পর্কে মতামত আহ্বান | ১১ |
| ২.৬ | বিএসইসি কর্তৃক গঠিত 'অনুসন্ধান ও তদন্ত কমিটি'র প্রতিবেদন প্রদান | ১২ |
| ২.৭ | পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের খসড়া সুপারিশ প্রণয়ন | ১৩ |
| ২.৮ | বেক্সিমকো গ্রুপের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান | ১৪ |
| ২.৯ | 'বন্ড বা সুকুক ইস্যুকরণে কমপ্লায়েন্স নিশ্চিতকরণে ট্রাস্টির ভূমিকা' সভা অনুষ্ঠান | ১৬ |
| ২.১০ | বিএসইসিকে অধিকতর শক্তিশালী এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির পরিচিতিমূলক ও TOR অনুযায়ী পদ্ধতি প্রণয়ন সংক্রান্ত সভা অনুষ্ঠান | ১৭ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৩ | কর্পোরেট ফাইন্যান্স | ১৯ |
| ৪ | নিবন্ধন | ২০ |
| ৫ | সার্ভেইল্যান্স | ২১ |
| ৬ | সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ | ২৩ |
| ৭ | এনফোর্সমেন্ট | ২৬ |
| ৮ | আন্তর্জাতিক সম্পর্ক | ২৭ |
| ৯ | কর্পোরেট রিপোর্টিং | ২৮ |
| ১০ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস | ৩০ |
| ১১ | লিগ্যাল সার্ভিস | ৩২ |
| ১২ | ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট | ৩৩ |
| ১৩ | ফিন্যান্সিয়াল লিটারেসি | ৩৫ |
| ১৪ | ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস | ৩৬ |
| ১৫ | কমোডিটি প্রোডাক্ট | ৩৭ |
| ১৬ | জনসংযোগ | ৩৮ |
| ১৭ | মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন | ৩৯ |
| ১৮ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | ৪০ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৯৩ সালের ৮ই জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়। এই সংস্থার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধিবিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধিবিধান প্রণয়ন এবং সে অনুসারে বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব খন্দকার রাশেদ মাকসুদ। এছাড়া, সংস্থার কমিশনার হিসেবে জনাব মুঃ মোহসিন চৌধুরী, জনাব মোঃ আলী আকবর এবং জনাব ফারজানা লালারুখ দায়িত্ব পালন করছেন।

# প্রথম অংশ

## ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

| ক্রম | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | ইস্যুয়ার কোম্পানি অ্যাফেয়ার্স ডিভিশন |
| ২ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | আইসিটি ডিভিশন<br>আর অ্যান্ড ডি ডিভিশন |
| ৩ | জনাব এম. হাছান মাহমুদ | ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন |
| ৪ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | ল ডিভিশন |
| ৫ | জনাব কামরুল আনাম খান, এফসিএমএ | চিফ অ্যাকাউন্টেন্ট ডিভিশন<br>ইন্টারন্যাল অডিট অ্যান্ড কমপ্লায়েন্স ডিভিশন |
| ৬ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | কর্পোরেট ফাইন্যান্স ডিভিশন<br>ডেরিভেটিভস ডিভিশন |
| ৭ | জনাব মোহাম্মদ শফিউল আজম | মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন |
| ৮ | জনাব রিপন কুমার দেবনাথ | এনফোর্সমেন্ট ডিভিশন |
| ৯ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | কমিশনস্ সেক্রেটারিয়েট ডিভিশন<br>ফাইন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন |
| ১০ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম | অ্যাডমিন অ্যান্ড ফাইন্যান্স ডিভিশন |

## ২. পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার ও অন্যান্য বিশেষ কার্যক্রম

### ২.১ ‘এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination)’-এর উদ্বোধন অনুষ্ঠান

২০২৫ সালের ০১ জানুয়ারি আগারগাঁও-এ বিএসইসি ভবনে ‘এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ’-এর উদ্বোধন করা হয়। বিএসইসি’র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি’র ওয়েবসাইটে ‘এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ’ উদ্বোধন করেন। এ সময় চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি’র চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকসহ কর্মকর্তাবৃন্দ এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি’র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নিয়ন্ত্রক কর্মকর্তা (সিআরও) সহ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্যের সূচনায় বিএসইসি’র চেয়ারম্যান ‘এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ’-এর উদ্যোগ বাস্তবায়নের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান। তিনি বলেন, ‘দেশের দুই এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ কার্যক্রম ভালো উদ্যোগ। বর্তমানের চতুর্থ শিল্পবিপবের যুগে তথ্য হচ্ছে প্রধান চালিকাশক্তি। তথ্যের অবাধ প্রবাহের মাধ্যমে পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীসহ সংশ্লিষ্ট সকলের কাছে তথ্যের প্রবাহ বা প্রাপ্তি নিশ্চিত করা সম্ভব।’ এই উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে বিনিয়োগকারীগণ তালিকাভুক্ত কোম্পানিসমূহের বিষয়ে সঠিক তথ্য এবং ভালো বিনিয়োগ পরিকল্পনায় সক্ষম হবেন বলে-তিনি সভায় উল্লেখ করেন। তিনি এই কার্যক্রমকে প্রথম ধাপ উল্লেখপূর্বক পরবর্তীকালে এ-ক্ষেত্রে সঠিক উন্নয়ন করা সম্ভব।




বিএসইসি’র চেয়ারম্যান এবং এক্সচেঞ্জসমূহের শীর্ষ কর্মকর্তার বৈঠক

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি'র শীর্ষ কর্মকর্তাবৃন্দ বক্তব্য প্রদান করেন। ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশের ক্ষেত্রে শুধু ডিএসই'র ওয়েবসাইটেই লক্ষাধিক নতুন তথ্য সংযোজনের বিষয়াটি ডিএসই'র পক্ষ থেকে জানানো হয়। এ সময় এক্সচেঞ্জসমূহের পক্ষে উল্লিখিত বিষয়ে বিএসইসি'র গৃহীত উদ্যোগ ও প্রচেষ্টার প্রশংসা করা হয়।

সভায় বক্তাগণ বলেন যে, পরবর্তীকালে উক্ত কার্যক্রমের মাধ্যমে পুঁজিবাজারের বিনিয়োগকারীদের উপকৃত এবং দেশের পুঁজিবাজারে এটি সুফল বয়ে আনবে। পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি বিনিয়োগকারীদের বিনিয়োগ পরিকল্পনায় সহায়তার পাশাপাশি পুঁজিবাজার বিষয়ক গবেষণা কিংবা প্রতিবেদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। একইসাথে বিএসইসি এবং এক্সচেঞ্জসমূহের বাজার পরিবীক্ষণসহ অন্যান্য কাজেও উক্ত তথ্যাবলি সহায়ক হবে। বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও কল্যাণের স্বার্থে আগামীতেও এ ধরনের অনেক উদ্যোগ পরিচালনার আশাবাদ সভায় ব্যক্ত করা হয়।

## ২.২ বিএসইসি'র চেয়ারম্যান এবং কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যানসহ শ্রীলঙ্কার বিনিয়োগকারী দলের সৌজন্য সাক্ষাৎ

২০২৫ সালের ১১ মার্চ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যানসহ শ্রীলঙ্কান বিনিয়োগকারী দলের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত সৌজন্য সাক্ষাতে কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান Mr. Dilshan Wirasekara, শ্রীলঙ্কার ফার্স্ট ক্যাপিটাল হোল্ডিংস পিএলসি'র চিফ অপারেটিং অফিসার জনাব Mr. Tharusha Ekanayake ও চিফ রিসার্চ অ্যান্ড স্ট্রাটেজি অফিসার Mr. Dimantha Mathew অংশগ্রহণ করেন। এ সময় বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ উপস্থিত ছিলেন।



বিএসইসি চেয়ারম্যান ও কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যানসহ অন্যান্য কর্মকর্তা

উক্ত সাক্ষাতে শ্রীলঙ্কার বিনিয়োগকারী দল বাংলাদেশে পুঁজিবাজারের বিনিয়োগ এবং সংশ্লিষ্ট অপারেশনাল ক্ষেত্রগুলোতে কাজের আগ্রহ প্রকাশ করেন। এ সময় পুঁজিবাজারের বিভিন্ন দিক এবং ভবিষ্যত সম্ভাবনাসমূহ সম্পর্কে দু'পক্ষের মধ্যে আলোচনা হয়।

## ২.৩ ‘ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ’ কর্মসূচি প্রবর্তন

পুঁজিবাজার সম্পর্কিত স্বচ্ছ, নির্ভরযোগ্য ও গবেষণামূলক সাংবাদিকতাকে উৎসাহিতকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ‘ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ’ কর্মসূচি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এজন্য, কমিশন ‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ নীতিমালা ২০২৫’ নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগের মাধ্যমে বিএসইসি পুঁজিবাজার বিষয়ক সাংবাদিকতায় দায়িত্বশীলতা, নৈতিকতা ও উৎসাহ প্রদান করবে। এরূপ কার্যক্রমে দেশের পুঁজিবাজার ও সর্বোপরি অর্থনীতির গতিশীলতা ইতিবাচকভাবে প্রভাবিত হবে। এই ফেলোশিপ কর্মসূচি সাংবাদিকদের বৈশ্বিক আর্থিক বাজার সম্পর্কে জ্ঞান বৃদ্ধির সুযোগ প্রদান, বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি এবং নৈতিক সাংবাদিকতার মানদণ্ড নিশ্চিতকরণে সহায়ক হবে।

এই অ্যাওয়ার্ডস কর্মসূচি আওতায় তিন শ্রেণিতে তিনটি নগদ অর্থ পুরস্কার এবং পৃথক দুইটি বিশেষ ফেলোশিপ প্রদান করা হবে। যার মাধ্যমে সাংবাদিকগণ স্বনামধন্য বিদেশি প্রতিষ্ঠানে উচ্চতর প্রশিক্ষণে আর্থিক সহায়তা প্রদান করা হবে। অ্যাওয়ার্ডস কর্মসূচিতে প্রত্যেক শ্রেণিতে বিজয়ীকে ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নগদ অর্থ ও একটি ক্রেস্ট প্রদান করা হবে। এছাড়া, ফেলোশিপ বিজয়ীগণ যথাক্রমে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা এবং ২,৫০,০০০.০০ (আড়াই লক্ষ) টাকা সমমূল্যের আর্থিক সহায়তা প্রাপ্ত পাবেন।

অ্যাওয়ার্ড ও ফেলোশিপসমূহ নিম্নরূপ:

**১. অ্যাওয়ার্ড:**

- ক. প্রিন্ট মিডিয়া
- খ. ইলেকট্রনিক মিডিয়া ও
- গ. অনলাইন মিডিয়া।

**২. ফেলোশিপ:**

- ক. ৫ (পাঁচ) লক্ষ টাকা সমমূল্য ও
- খ. ২.৫ (আড়াই) লক্ষ টাকা সমমূল্য।

বাংলাদেশ সরকার কর্তৃক নিবন্ধিত ও বাংলাদেশি মালিকানাধীন সংবাদপত্র বা অনলাইন সংবাদমাধ্যম কিংবা ইলেকট্রনিক মিডিয়াতে নিয়মিতভাবে পুঁজিবাজার বিষয়ক প্রতিবেদনে নিয়োজিত সাংবাদিকবৃন্দ অ্যাওয়ার্ডস বা ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। বিএসইসি কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ জুরি বোর্ড আবেদনকারীদের প্রদত্ত তথ্য ও প্রস্তাব মূল্যায়ন করবে। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ প্রদানকালীন কমিশনের আদেশ দ্বারা ৬ সদস্যের সমন্বয়ে জুরি বোর্ড গঠিত হবে। জুরি বোর্ডের গঠন নিম্নরূপ: বিএসইসি-এর একজন প্রতিনিধি; চেয়ারম্যান, স্টক এক্সচেঞ্জ; বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম)-এর প্রতিনিধি; চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনীত প্রতিনিধি; ডিন, ব্যবসায় অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনীত প্রতিনিধি এবং মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) অথবা মনোনীত প্রতিনিধি। জুরি বোর্ড আবেদনকারীদের যোগ্যতা, অভিজ্ঞতা, সংবাদের মান ও অন্যান্য বিষয় যাচাইয়ের মাধ্যমে চূড়ান্তভাবে অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ বিজয়ী নির্বাচন করবেন।

উল্লেখ্য, ‘ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ’ কর্মসূচি প্রবর্তনের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ২.৪ বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনারগণের সাথে কমিশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর সভা অনুষ্ঠান

২০২৫ সালের ১০ মার্চ বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণের সাথে কমিশনের সকল কর্মকর্তা-কর্মচারীর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, জনাব মোঃ আলী আকবর, জনাব ফারজানা লালারুখ এবং কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

বিএসইসি'র চেয়ারম্যান বক্তব্যের শুরুতে সভায় উপস্থিত সকলকে মাহে রমজানের শুভেচ্ছা জানান। তিনি রমজান মাসে সংযম ও ত্যাগের শিক্ষা গ্রহণ এবং আলাহ তায়ালা যেন রমজানের শিক্ষা সকলকে ধারণের তৌফিক দানের আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, আজকের সভায় বিএসইসির ইতিহাসের ক্রান্তিলগ্নে সংস্থার সকলে একত্রিত হয়েছি। তিনি ২০২৫ সালের ০৫ মার্চ সংঘটিত ঘটনাকে চরম অনভিপ্রেত এবং কিছু উচ্ছৃঙ্খল কর্মচারীর প্ররোচণা, ইন্ধনে ও অংশগ্রহণে সৃষ্ট বলে উল্লেখ করেন। তিনি বলেন, এ ঘটনা প্রশাসনিক শৃঙ্খলা ভঙ্গের পাশাপাশি গুরুতর ফৌজদারি অপরাধস্বরূপ। উক্ত ঘটনা বাংলাদেশের পুঁজিবাজারের জন্য মারাত্মক ক্ষতিকর প্রভাব দেশে ও বিদেশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন করেছে। তিনি বলেন, এ ধরনের ন্যাক্কারজনক ঘটনা পৃথিবীতে কোনো রেগুলেটরি সংস্থায় প্রথম সংঘটিত হয়েছে। তিনি একে জাতীয় জীবনে চরম দুঃখজনক বলে উল্লেখ করেন। তবে, উক্ত ঘটনায় বিএসইসির সকল কর্মকর্তা ও কর্মচারী সম্পৃক্ত নয় ও অংশগ্রহণকারী অনেকেই স্বতঃস্ফূর্তভাবে যুক্ত হন-এমনটাই কমিশন বিশ্বাস করে বলে জানান। তিনি বলেন, বিষয়টি বিবেচনাপূর্বক ভবিষ্যতে প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হবে। সামগ্রিক ঘটনার ব্যাপারে সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষ এবং বিভিন্ন এজেন্সিও অবগত আছে-তিনি এ মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরো উল্লেখ করেন, কমিশন কর্তৃক ইতোমধ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপের সাথে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল পক্ষ একাত্মতা প্রকাশ করেছে। জাতীয় স্বার্থে গুরুত্বপূর্ণ রেগুলেটরি সংস্থা এভাবে চলতে পারে না উল্লেখপূর্বক তিনি ভবিষ্যতে কর্মকর্তা-কর্মচারীদের পরিপূর্ণ দায়িত্বশীলতা ও শৃঙ্খলার সাথে কাজের নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, যারা নিষ্ঠা-সততার সাথে কাজ করছেন তারা বিএসইসির ক্রান্তিলগ্নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আগামীতে সকলের সহযোগিতায় বিএসইসির কার্যক্রম গতিশীলতা হবে-তিনি এরূপ প্রত্যাশা ব্যক্ত করেন।

## ২.৫ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা এবং মার্জিন রুলসের বিষয়ে টাস্কফোর্সের খসড়া সুপারিশ সম্পর্কে মতামত আহ্বান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গঠিত 'পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স' 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১' এবং 'মার্জিন রুলস, ১৯৯৯'-এর যুগোপযোগীকরণের জন্য ইতোমধ্যে সংস্থার নিকট খসড়া সুপারিশ জমা দিয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বাংলাদেশের পুঁজিবাজার সংস্কার ও উন্নয়নে 'পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স'-এর সুপারিশসমূহ বাস্তবায়নে কাজ করছে। যার ধারাবাহিকতায় 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১' এবং 'মার্জিন রুলস, ১৯৯৯'-এর বিষয়ে টাস্কফোর্সের সুপারিশসমূহ সম্পর্কে সংশ্লিষ্ট সকলের মতামত আহ্বান করা হয়েছে। নিম্নোক্ত ই-মেইল ঠিকানায় ২০২৫ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত মতামত প্রেরণের অনুরোধ করা হয়েছে।

### টাস্কফোর্সের সুপারিশসমূহ সম্পর্কে মতামত প্রেরণের জন্য ই-মেইল ঠিকানাঃ

১. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা সংক্রান্ত মতামতঃ
suggestion.mutualfundrules@sec.gov.bd

২. মার্জিন রুলস সংক্রান্ত মতামতঃ
suggestion.marginrules@sec.gov.bd
উল্লেখ্য, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের খসড়া সুপারিশসমূহ কমিশনের ওয়েবসাইট
https://sec.gov.bd/home/taskforce_draft_recommendation-এ পাওয়া যাবে।

## ২.৬ বিএসইসি কর্তৃক গঠিত 'অনুসন্ধান ও তদন্ত কমিটি'র প্রতিবেদন প্রদান

বিগত সময়ের অনিয়ম, কারসাজি ও দুর্নীতির বিষয়ে অনুসন্ধান ও তদন্ত পরিচালনার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গঠিত অনুসন্ধান ও তদন্ত কমিটি ইতোমধ্যে ৬টি তদন্ত প্রতিবেদন কমিশনের নিকট জমা প্রদান করে। অনুসন্ধান ও তদন্ত কমিটির হস্তান্তরকৃত উক্ত প্রতিবেদনসমূহের বিষয়ে প্রয়োজনীয় এনফোর্সমেন্ট কার্যক্রম চলমান আছে।



কমিশনের চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ এবং বিএসইসি কর্তৃক গঠিত 'অনুসন্ধান ও তদন্ত কমিটি'র সদস্যবৃন্দ

### জমাকৃত তদন্ত প্রতিবেদনের বিষয়সমূহ নিম্নরূপঃ

১. বেক্সিমকো গ্রীন-সুকুক আল ইসতিসনা (BEXIMCO Green Sukuk Al Istisna'a) ইস্যু সংক্রান্ত যাবতীয় বিষয় অনুসন্ধান ও তদন্ত;

২. IFIC Guaranteed Sreepur Township Green Zero Coupon Bond ইস্যু সংক্রান্ত সামগ্রিক বিষয় অনুসন্ধান ও তদন্ত;

৩. বেস্ট হোল্ডিংস লিমিটেড সংক্রান্ত আইপিও (IPO) অনুমোদন ও ইস্যু সংক্রান্ত সামগ্রিক বিষয় অনুসন্ধান ও তদন্ত;

৪. আল-আমিন কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ সম্পর্কিত পুঁজিবাজারের যাবতীয় অনিয়ম ও কারসাজি, বক মার্কেটে শেয়ার অধিগ্রহণ সংক্রান্ত কারসাজি এবং ওটিসি থেকে এসএমই প্ল্যাটফর্মে স্থানান্তরের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক আরোপিত শর্তসমূহ পরিপালনের হালনাগাদ তথ্যাদিসহ সার্বিক বিষয়ে অনুসন্ধান ও তদন্ত;

৫. ফরচুন সুজ লিমিটেড সংক্রান্ত পুঁজিবাজারের যাবতীয় অনিয়ম ও কারসাজি, বিনিয়োগকারীদের মধ্যে লভ্যাংশ বিতরণ সংক্রান্ত অনিয়ম এবং কোম্পানির শেয়ার মূল্য বৃদ্ধির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে অনুসন্ধান ও তদন্ত; এবং

৬. কোয়েস্ট বিডিসি লিমিটেড (পূর্বে পদ্মা প্রিন্টার্স অ্যান্ড কালারস লিমিটেড) সংক্রান্ত পুঁজিবাজারের যাবতীয় অনিয়ম ও কারসাজির বিষয়ে অনুসন্ধান ও তদন্ত।

উল্লেখ্য, ২০২৪ সালের ১৭ সেপ্টেম্বর কমিশনের ৯১৮তম জরুরি সভার সিদ্ধান্ত অনুসারে পুঁজিবাজারের স্থিতিশীলতা, বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা ও আস্থা পুনরুদ্ধারে বিগত সময়ের অনিয়ম, কারসাজি ও দুর্নীতির বিষয়ে এতদ্সংক্রান্ত আইন ও বিধি বিধানের আলোকে অনুসন্ধান ও তদন্ত করার জন্য Securities and Exchange Ordinance, 1969-এর Section 21 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর ধারা ১৭ক এ প্রদত্ত ক্ষমতাবলে ৫ সদস্যবিশিষ্ট একটি 'অনুসন্ধান ও তদন্ত কমিটি' গঠন করা হয়। অতঃপর, উক্ত কমিটি ১২টি বিষয়ে অনুসন্ধান ও তদন্ত পরিচালনা করছে।

## ২.৭ পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের খসড়া সুপারিশ প্রণয়ন

২০২৫ সালের ১০ ফেব্রুয়ারি বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও সুশাসন নিশ্চিতকরণে বিএসইসি কর্তৃক গঠিত পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স কমিশনের নিকট দুইটি বিষয়ে খসড়া সুপারিশ উপস্থাপন করেছে। **মূলত পুঁজিবাজারের জন্য দুইটি গুরুত্বপূর্ণ বিষয় যথা: সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এবং মার্জিন রুলস, ১৯৯৯-এর যুগোপযোগীকরণে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স খসড়া সুপারিশ প্রদান করে।** বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনারগণের উপস্থিতিতে 'পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স' উক্ত সুপারিশসমূহ কমিশনের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে। সুপারিশসমূহ হস্তান্তরের সময় টাস্কফোর্সের সদস্যবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ)র নির্বাহী ভাইস চেয়ারম্যান জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) সাবেক ব্যবস্থাপনা পরিচালক ও বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টারের (বিয়াক) প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব কে. এ. এম. মাজেদুর রহমান, হুদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং-এর জ্যেষ্ঠ অংশীদার জনাব এ. এফ. এম. নেসার উদ্দীন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক আল-আমিন উপস্থিত ছিলেন। এ সময় পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সুপারিশের মাধ্যমে বাংলাদেশের পুঁজিবাজারের সংস্কারের প্রক্রিয়া অধিকতর গতিশীলতার বিষয়ে সকলে একমত হন। পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স ১৭টি কার্যপরিধি (Terms of Reference) বা মূল দায়িত্ব সম্পর্কে কাজ করছে। এতে কার্যপরিধির আলোকে পরবর্তী সময়ে পুঁজিবাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় ও ইস্যুতে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের অধিক সুপারিশ এবং সুপারিশসমূহ কার্যকর বাস্তবায়নের মাধ্যমে দেশের পুঁজিবাজারের টেকসই উন্নয়ন ও সংস্কার নিশ্চিত হবে –এরূপ আশাবাদ ব্যক্ত করা হয়।



কমিশনের চেয়ারম্যান ও কমিশনারবৃন্দের সাথে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সদস্যগণ

বাংলাদেশের পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। সর্বোপরি, পর্যালোচনা ও পরিকল্পনা সাপেক্ষে দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে ও কল্যাণ বিবেচনাপূর্বক টাস্কফোর্সের সুপারিশের ভিত্তিতে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি বিভিন্ন পরিকল্পনা ও কার্যক্রমের মাধ্যমে পুঁজিবাজারের সংস্কার সাধনে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে।

উল্লেখ্য, ২০২৪ সালের ৭ অক্টোবর বাংলাদেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং পুঁজিবাজারে আন্তর্জাতিক মানের সুশাসন নিশ্চিতকরণে বিএসইসি পাঁচ সদস্যবিশিষ্ট একটি বিশেষ পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স গঠন করে। পরবর্তীকালে, টাস্কফোর্সের পরামর্শে এবং কাজের সহযোগিতার জন্য পুঁজিবাজার সম্পৃক্ত ও অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে 'পুঁজিবাজার সংস্কার ফোকাস গ্রুপ' গঠন করা হয়। বিএসইসি কর্তৃক গঠিত 'পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স' ও 'পুঁজিবাজার সংস্কার ফোকাস গ্রুপ' পুঁজিবাজারের সুশাসন উন্নত, অভ্যন্তরীণ সুশাসন শক্তিশালী এবং আন্তর্জাতিক মানের তালিকাভুক্ত কোম্পানির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে, সর্বোপরি দেশের পুঁজিবাজারের টেকসই সংস্কার ও উন্নয়নে কাজ করছে।

## ২.৮ বেক্সিমকো গ্রুপের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান

২০২৪ সালের ১১ ডিসেম্বর বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রম ও ব্যবসায় পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় এই গ্রুপের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর ধারা ১৬ অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ২০২৪ সালের ২৯ ডিসেম্বর এক পত্রের মাধ্যমে উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করে।

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা এবং উদ্ভূত সার্বিক পরিস্থিতি বিবেচনায় বেক্সিমকো গ্রুপের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগ করা প্রয়োজন বলে কমিশন মনে করে।

উপদেষ্টা পরিষদ কমিটির সিদ্ধান্ত ও অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুসারে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯-এর ২০অ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে কমিশন ৩১.১২.২০২৪ তারিখে জারিকৃত আদেশ (সূত্র নং: বিএসইসি/আইসিএ/সিজি/২০২৩/৬৬/পার্ট-১/৪৯৬) দ্বারা নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে বেক্সিমকো গ্রুপের পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহ যথা: বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লি., বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লি. ও শাইনপুকুর সিরামিকস লি., এ স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান করে। উক্ত কোম্পানিসমূহ আসন্ন পর্ষদ সভায় যোগদানের তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য কার্যকর থাকবে:

| ক্রম | কোম্পানির নাম | স্বতন্ত্র পরিচালকের নাম ও পরিচয় |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লি. | ১. ড. মোঃ শাহিনুর ইসলাম, প্রফেসর, ডিপার্টমেন্ট অব কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, বুয়েট |
| | | ২. সৈয়দ রেজাউল করিম, চেয়ারম্যান, বেঙ্গল ওভারসীজ লিমিটেড |
| | | ৩. জনাব সুলতান মাহমুদ বিন জুলফিকার, লেখক ও সাংবাদিক |
| | | ৪. জনাব মোহাম্মদ ফোরকান উদ্দিন এফসিএ, ব্যবস্থাপনা পরিচালক, এম. এম. রহমান অ্যান্ড কোং প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চাটার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ |
| | | ৫. মির্জা আমিনুর রহমান, ফ্রিল্যান্স কনসালটেন্ট |
| | | ৬. জনাব এম. নুরুল আলম, সিইও, এমএনএ অ্যাসোসিয়েট |
| | | ৭. শেখ নাহার মাহমুদ, চিফ কনসালটেন্ট, ইনফাইনাইজেন্ট কনসালটিং লিমিটেড |
| | | ৮. ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ শাফকাত-উল-ইসলাম, এসপিপি, এএফডব্লিউসি, পিএসসি কমান্ডার, সদর দপ্তর ৭১ মেকানাইজ্ড ব্রিগেড সাভার |
| | | ৯. জনাব আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো, প্রশাসক, বিজিএমইএ |

| ক্রম | কোম্পানির নাম | স্বতন্ত্র পরিচালকের নাম ও পরিচয় |
|---|---|---|
| ০২ | বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লি. | ১. ড. মোঃ শাহিনুর ইসলাম, প্রফেসর, ডিপার্টমেন্ট অব কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, বুয়েট |
| | | ২. সৈয়দ রেজাউল করিম, চেয়ারম্যান, বেঙ্গল ওভারসীজ লিমিটেড |
| | | ৩. জনাব সুলতান মাহমুদ বিন জুলফিকার, লেখক ও সাংবাদিক |
| | | ৪. জনাব মোহাম্মদ ফোরকান উদ্দিন এফসিএ, ব্যবস্থাপনা পরিচালক, এম. এম. রহমান অ্যান্ড কোং প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চাটার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ |
| | | ৫. মির্জা আমিনুর রহমান, ফ্রিল্যান্স কনসালটেন্ট |
| | | ৬. জনাব এম. নুরুল আলম, সিইও, এমএনএ অ্যাসোসিয়েট |
| | | ৭. শেখ নাহার মাহমুদ, চিফ কনসালটেন্ট, ইনফাইনাইজেন্ট কনসালটিং লিমিটেড |
| | | ৮. ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ শাফকাত-উল-ইসলাম, এসপিপি, এএফডব্লিউসি, পিএসসি কমান্ডার, সদর দপ্তর ৭১ মেকানাইজড ব্রিগেড সাভার |
| | | ৯. জনাব আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো, প্রশাসক, বিজিএমইএ |
| ০৩ | শাইনপুকুর সিরামিকস লি. | ১. ড. মোঃ শাহিনুর ইসলাম, প্রফেসর, ডিপার্টমেন্ট অব কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, বুয়েট |
| | | ২. জনাব সুলতান মাহমুদ বিন জুলফিকার, লেখক ও সাংবাদিক |
| | | ৩. জনাব মোহাম্মদ ফোরকান উদ্দিন এফসিএ, ব্যবস্থাপনা পরিচালক, এম. এম. রহমান অ্যান্ড কোং প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চাটার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ |
| | | ৪. মির্জা আমিনুর রহমান, ফ্রিল্যান্স কনসালটেন্ট |
| | | ৫. জনাব এম. নুরুল আলম, সিইও, এমএনএ অ্যাসোসিয়েট |
| | | ৬. ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মোহতাশিম হায়দার চৌধুরী, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি পরিচালক, পদাতিক পরিদপ্তর, সেনা সদর, ঢাকা |
| | | ৭. জনাব আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো, প্রশাসক, বিজিএমইএ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আশা করছে –উক্ত স্বতন্ত্র পরিচালক নিয়োগে শেয়ারহোল্ডার ও বিনিয়োগকারীদের স্বার্থ সঠিক সুরক্ষিত হবে; যা পুঁজিবাজারের উন্নয়নে সহায়ক হবে।

## ২.৯ 'বন্ড বা সুকুক ইস্যুকরণে কমপ্লায়েন্স নিশ্চিতকরণে ট্রাস্টির ভূমিকা' সভা অনুষ্ঠান

২০২৫ সালের ১৯ মার্চ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর উদ্যোগে 'বন্ড বা সুকুক ইস্যুকরণে কমপ্লায়েন্স নিশ্চিতকরণে ট্রাস্টির ভূমিকা' সভা অনুষ্ঠিত হয়। বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখের সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়। বিএসইসি'র মাল্টিপারপাস হলে আয়োজিত উক্ত সভায় ট্রাস্টি'র ভূমিকা পালনকারী বিভিন্ন ইন্স্যুরেন্স কোম্পানি, নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ও মার্চেন্ট ব্যাংক ইত্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।



সভায় বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ সূচনা বক্তব্য প্রদান করেন। তিনি সভায় আগত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন, 'বিএসইসি'র মূল কাজ হচ্ছে কমপ্লায়েন্স নিশ্চিতকরণ এবং বাজারকে সুস্থ ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করা। বন্ড বাজারের সুষ্ঠু পরিচালনা এবং উন্নয়নের ক্ষেত্রে ট্রাস্টির ব্যাপক ভূমিকা রয়েছে। ট্রাস্টি'র উপর বন্ড বাজারের বিনিয়োগকারীদের স্বার্থকে রক্ষার গুরু দায়িত্ব ন্যস্ত। এজন্যই বন্ড বাজারের সুষ্ঠু কর্মদক্ষতা এবং সংশ্লিষ্ট ভবিষ্যত অগ্রগতির ক্ষেত্রে ট্রাস্টি ভূমিকা নির্ধারক বা নির্ণায়ক (determinant) হিসেবে কাজ করবে। ট্রাস্টি সঠিক ভূমিকা পালনে করণীয় নির্ধারণ বর্তমান সভার আলোচ্য বিষয়। বন্ড মার্কেটকে উন্নয়নমূলক পর্যায়ে আনয়ন করা সম্ভবপর। বন্ড মার্কেট ব্যতীত বৈচিত্র্যপূর্ণ পুঁজিবাজার তৈরি করা অসম্ভব। পুঁজিবাজারের উন্নয়নে ফিক্সড ইনকাম সিকিউরিটিজ যেমন: কর্পোরেট বন্ড, সুকুক ইত্যাদি বিশেষ ভূমিকা পালন করতে পারে। সরকারও এই বন্ড বাজারের উন্নয়নে তৎপর এবং বিভিন্ন উদ্যোগ ও সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়া, তিনি বিএসইসি'র তৈরি বন্ড ডিফল্ট প্ল্যাটফর্ম প্রসঙ্গ এবং উক্ত প্ল্যাটফর্মসহ বন্ড বাজারে ট্রাস্টির ভূমিকা সংশ্লিষ্ট বিষয়ে সকলকে মতামত প্রদানের অনুরোধ জানান।

সভায় বিএসইসি'র যুগ্ম পরিচালক জনাব সৈয়দ গোলাম মওলা 'Role of Trustee in Ensuring Compliance for Bond/Sukuk Issuance' সচিত্র উপস্থাপনা এবং সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসারে বন্ড বা সুকুক ইস্যুতে কমপ্লায়েন্স নিশ্চিতকরণে ট্রাস্টির ভূমিকা বিস্তারিতভাবে সভায় উত্থাপন করেন। এছাড়া, সভায় বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ আশরাফুল ইসলাম বিএসইসি'র তৈরি 'Debt Securities' Repayment Monitoring Systems (DSRMS)' তথা বন্ড ডিফল্ট প্ল্যাটফর্ম সম্পর্কিত প্রেজেন্টেশন প্রদান করেন। তিনি পাইলট টেস্টিং চলমান প্ল্যাটফর্মের বিভিন্ন দিকসমূহ টেস্ট কেস ভিত্তিতে সভায় প্রদর্শন এবং আলোচনা করেন। সভায় অংশগ্রহণকারী অংশীজন প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ বিভিন্ন বিষয়ে মূল্যবান মতামত ও প্রশ্ন উত্থাপন করেন।

বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম সভায় সমাপনী বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বন্ড বাজার সম্পর্কে বিনিয়োগকারীদের আগ্রহ তৈরি এবং আস্থা বৃদ্ধিতে ট্রাস্টিসহ সকলকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। বিএসইসি বন্ড বাজারের জন্য কাঠামোগত উন্নয়নের উদ্যোগ গ্রহণ এবং এ-লক্ষ্যে ট্রাস্টির ভূমিকাকে অধিক জোরদার করা প্রয়োজন –এরূপ মন্তব্য করেন।

## ২.১০ বিএসইসিকে অধিকতর শক্তিশালী এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির পরিচিতিমূলক ও TOR অনুযায়ী পদ্ধতি প্রণয়ন সংক্রান্ত সভা অনুষ্ঠান

২০২৫ সালের ২০ মার্চ পরিকল্পনা কমিশনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-কে অধিকতর শক্তিশালী এবং পুঁজিবাজার উন্নয়নে গঠিত কমিটির পরিচিতিমূলক ও TOR অনুযায়ী পদ্ধতি প্রণয়ন সংক্রান্ত প্রথম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে কমিটির অন্যান্য সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. সাদেকুল ইসলাম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বীমা ও পুঁজিবাজার অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ সাঈদ কুতুব ও বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ উপস্থিত ছিলেন। এছাড়া, বিশেষ আমন্ত্রণে উক্ত সভায় উপস্থিত ছিলেন বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব নাজমা মোবারেক, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী ও জনাব মোঃ আলী আকবর।

এই সভা কমিটির সভাপতি ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে শুরু হয়। উক্ত সভার প্রথমেই পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) শক্তিশালীকরণসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ও দিক সম্পর্কে আলোচনা হয়। আলোচ্য সভায় কার্যপরিধি (TOR) অনুযায়ী কমিটির কাজের পদ্ধতি প্রণয়ন এবং পরবর্তী করণীয় সংক্রান্ত বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

উল্লেখ্য, ২০২৫ সালের ১৭ মার্চ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ একটি প্রজ্ঞাপন জারির মাধ্যমে মোট ৫টি কার্যপরিধি উল্লেখপূর্বক ড. আনিসুজ্জামান চৌধুরীকে সভাপতি করে ৪ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। বাংলাদেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসিকে অধিকতর শক্তিশালী এবং সর্বোপরি দেশের পুঁজিবাজার উন্নয়নে উক্ত কমিটি কাজ করছে।

# দ্বিতীয় অংশ

## ৩. কর্পোরেট ফাইন্যান্স

পুঁজিবাজার দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। কমিশনের কর্পোরেট ফাইন্যান্স বিভাগ পাবলিক ইস্যু এবং প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইক্যুইটি ও ডেট সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকাণ্ড সম্পাদন করে। এরূপ কাজ কোম্পানি ও প্রতিষ্ঠানসমূহের দীর্ঘমেয়াদি অর্থায়নের সুযোগ সৃষ্টি করে। এই বিভাগ তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু ও প্রাইভেট অফারের মাধ্যমে শেয়ার ইস্যু এবং স্বল্প মূলধনী কোম্পানিসমূহের কোয়ালিফাইড ইনভেস্টর অফারের মাধ্যমে শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও সম্পন্ন করে। নিম্নবর্ণিত  বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে:

- Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪
- Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006
- Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015
- Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021
- Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022
- নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৬/এডমিন১৩৮, তারিখ: ০৩ অক্টোবর ২০২২।

### ডেট সিকিউরিটিজ

Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021-এর অধীনে ০১ জানুয়ারি–৩১ মার্চ ২০২৫ সময়কালে কমিশন ০১ (এক) টি কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে ১,২০০.০০ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে। যার বিভাজন নিম্নরূপ:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা | পরিমাণ (কোটি টাকা) | | |
|---|---|---|---|---|
| | | পাবলিক অফার (কোটি টাকা) | প্রাইভেট অফার (কোটি টাকা) | মোট অফার (কোটি টাকা) |
| সাবঅর্ডিনেটেড বন্ড | ০১ | - | ১২,০০০,০০০,০০০ | ১২,০০০,০০০,০০০ |

### তালিকাভুক্ত কোম্পানির বোনাস শেয়ার ইস্যু

০১ জানুয়ারি–৩১ মার্চ ২০২৫ সময়কালে কমিশন নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৬ /এডমিন/১৩৮ -এর অধীনে ০১ (এক) টি তালিকাভুক্ত কোম্পানিকে বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে মোট ১৪ কোটি টাকার মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করে।

| ক্রম | কোম্পানির নাম | বিবরণ (আইপিও/আরপিও/ কিউআইও/বন্ড/প্রেফারেন্স শেয়ার/বোনাস শেয়ার/ ইস্যু অফ ক্যাপিটাল | সম্মতিপত্র জারির তারিখ | টাকার পরিমাণ | ক্যাটাগরি (কৃষি/ব্যাংক/বিমা/ অন্যান্য) |
|---|---|---|---|---|---|
| ০১ | কে অ্যান্ড কিউ (বাংলাদেশ) লিমিটেড | বোনাস শেয়ার | ১৯ জানুয়ারি ২০২৫ | ১,৩৭১,১৮৬ | ইঞ্জিনিয়ারিং |

## ৪. নিবন্ধন

নিবন্ধন ও লাইসেন্সিং বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংকার, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান, বাজার সৃষ্টিকারীর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্য সম্পাদন করে। এছাড়া, স্টক ব্রোকারের ডিজিটাল বুথ এবং স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের শাখা খোলার অনুমোদন প্রদান করে।

| ক্রম | ইস্যুকৃত সনদের ধরন | সংশ্লিষ্ট আইনের নাম | ইস্যুকৃত সনদ সংখ্যা | নবায়নকৃত সনদ সংখ্যা | স্টক ব্রোকারের শাখা অফিস খোলার অনুমোদন | স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের অফিস স্থানান্তর/নাম পরিবর্তন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | স্টক ডিলার (ডিএসই) | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ | - | ৮১ | - | | সিসিএ ঘাটতির কারণে ৪টি প্রতিষ্ঠানের ডিলার সনদ নবায়ন করা হয়নি |
| | স্টক ব্রোকার (ডিএসই) | -ঐ- | - | ৭৯ | - | | সিসিএ ঘাটতির কারণে ৪টি প্রতিষ্ঠানের ডিলার সনদ নবায়ন করা হয়নি |
| ২ | স্টক ডিলার (সিএসই) | -ঐ- | - | ২৩ | - | - | |
| | স্টক ব্রোকার (সিএসই) | -ঐ- | - | ২৬ | - | - | সিসিএ ঘাটতির কারণে ১টি প্রতিষ্ঠানের ডিলার সনদ নবায়ন করা হয়নি |
| ৩ | অনুমোদিত প্রতিনিধি (ডিএসই) | -ঐ- | ৬২ | ৩০৪ | - | - | |
| ৪ | অনুমোদিত প্রতিনিধি (সিএসই) | -ঐ- | - | ২০ | - | - | |
| ৫ | ডিপজিটরি অংশগ্রহণকারী | ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ | - | ৯২ | - | - | |
| ৬ | ট্রাস্টি | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | - | - | - | - | ১টি ট্রাস্টি সনদ বাতিল |
| ৭ | ডিজিটাল বুথের অনুমোদন | ডিরেকটিভের তারিখ: ১৩ ডিসেম্বর ২০২০ | ০৫ | - | - | | |

# ৫. মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স

## সার্ভেইল্যান্স কার্যক্রম

পুঁজিবাজারের স্বাভাবিক গতি ও প্রকৃতি প্রভাবিত করতে পারে এমন কোনো অনিয়ম, অসামঞ্জস্যপূর্ণ কার্যকলাপ বা অস্বাভাবিক ট্রেডিং প্যাটার্ন শনাক্তকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ক্রমাগত সিকিউরিটিজ মার্কেট পর্যবেক্ষণ করে। তন্মধ্যে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম, অর্ডার প্রবাহ ও মূল্য সংবেদনশীল অথ্যসমূহ অন্যতম। সার্ভেইল্যান্স বিভাগ বাজারের গতিবিধি সক্রিয় তদারকি করা ছাড়াও অসামঞ্জস্যপূর্ণ বিভিন্ন লেনদেন বিশ্লেষণ করে। সার্ভেইল্যান্স বিভাগ সিকিউরিটিজ আইনের সম্ভাব্য লঙ্ঘন, বাজার কারসাজি, ইনসাইডার ট্রেডিং, পুঁজিবাজারের স্বচ্ছতা ক্ষুণ্নকারী অন্যান্য প্রতারণামূলক কার্য পর্যবেক্ষণ এবং পুঁজিবাজারের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা ও স্বার্থ সংরক্ষণে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করে। মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

### ১.০ পুঁজিবাজার পর্যবেক্ষণ

দৈনন্দিন বাজার তদারকির অংশ হিসেবে পুঁজিবাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ অনুসন্ধানে 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম'-এর মাধ্যমে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ ইত্যাদি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় বিশ্লেষণ করা।

### ২.০ তথ্যের বিচক্ষণ বিশ্লেষণ

পুঁজিবাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা নিরীক্ষার জন্য 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট' সিস্টেমের 'বিজনেস ইন্টেলিজেন্স', স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে তথ্যসমূহের বিচক্ষণ নিশ্চিত করা।

### ৩.০ তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম

সার্ভেইল্যান্স বিভাগ সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেন প্রাথমিকভাবে নির্বাচনের পর তা বিশদভাবে চিহ্নিতকরণে প্রমাণ সংগ্রহ, তথ্য বিশ্লেষণ ও সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিত করে। অতঃপর, কমিশনের অনুমোদন সাপেক্ষে অথবা স্টক এক্সচেঞ্জের মাধ্যমে তদন্ত বা অনুসন্ধানপূর্বক উল্লেখযোগ্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণার্থে সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা। জানুয়ারি-মার্চ ২০২৫ সময়কালে ডিএসই বরাবর নিম্নোক্ত তালিকাভুক্ত কোম্পানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ও সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন লঙ্ঘন সংক্রান্ত তদন্ত কার্যক্রম সম্পাদনের জন্য জারিকৃত আদেশসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | সংশ্লিষ্ট কোম্পানির নাম/বিষয় | তদন্তকারী স্টক এক্সচেঞ্জ | আদেশ জারির তারিখ |
|---|---|---|---|
| ১ | খুলনা প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং লিমিটেড | ডিএসই | ২২ জানুয়ারি ২০২৫ |
| ২ | স্টার এডহেসিভস লিমিটেড | ডিএসই | ০৪ ফেব্রুয়ারি ২০২৫ |
| ৩ | এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন পিএলসি | ডিএসই | ১৭ ফেব্রুয়ারি ২০২৫ |
| ৪ | অপারেশন বন্ধ এমন কয়েকটি কোম্পানি | ডিএসই | ২০ ফেব্রুয়ারি ২০২৫ |
| ৫ | শাইনপুকুর সিরামিকস লিমিটেড | ডিএসই | ১৭ মার্চ ২০২৫ |
| ৬ | অপারেশন বন্ধ এমন ৩টি কোম্পানি<br>(জেনেক্সটি, এমারেলঅয়েল ও জিকিউ বলপেন) | ডিএসই | ১৭ মার্চ ২০২৫ |
| ৭ | বীচ হ্যাচারি লিমিটেড | ডিএসই | ২৫ মার্চ ২০২৫ |
| ৮ | হাক্কানি পাল্প অ্যান্ড পেপার মিলস পিএলসি | ডিএসই | ২৭ মার্চ ২০২৫ |

## ৪.০ তদন্ত অথবা অনুসন্ধান প্রতিবেদন সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ

জানুয়ারি-মার্চ ২০২৫ সময়কালে ডিএসই এবং সিএসই হতে প্রাপ্ত নিম্নবর্ণিত তদন্ত/অনুসন্ধান প্রতিবেদনসমূহ পর্যালোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সার্ভেইল্যান্স বিভাগ হতে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে:

| ক্রমিক | সংশ্লিষ্ট কোম্পানির নাম/বিষয় | দাখিলকারী | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের তারিখ |
|---|---|---|---|
| ১ | হাইডেলবার্গ ম্যাটেরিয়ালস বাংলাদেশ লিমিটেড | ডিএসই | ০৪ ফেব্রুয়ারি ২০২৫ |
| ২ | মিডল্যান্ড ব্যাংক পিএলসি | ডিএসই | ১১ ফেব্রুয়ারি ২০২৫ |
| ৩ | বিডি পেইন্টস লিমিটেড | ডিএসই | ২৪ ফেব্রুয়ারি ২০২৫ |
| ৪ | ক্যাপিটেক গ্রামীণ ব্যাংক গ্রোথ ফান্ড | ডিএসই | ১১ মার্চ ২০২৫ |
| ৫ | অগ্নি সিস্টেমস লিমিটেড | ডিএসই | ১১ মার্চ ২০২৫ |
| ৬ | তমিজ উদ্দিন টেক্সটাইল মিলস পিএলসি | ডিএসই | ১৯ মার্চ ২০২৫ |

## ৫.০ অন্যান্য

- দৈনন্দিন সিস্টেম হতে প্রাপ্ত এলার্টসমূহ, ট্রেড রিপোর্ট ও শেয়ার ক্রয়-বিক্রয় আদেশ পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- বিভিন্ন বিভাগ অথবা অনুসন্ধানকারী কমিটির চাহিদা অনুযায়ী তথ্য প্রেরণ।

# ৬. সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ

সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নে সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ (এসএমএমআই) বিভাগ স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বিনিয়োগকারীদের অভিযোগ সংক্রান্ত কাজ করে। জানুয়ারি-মার্চ ২০২৫ সময়কালে অন্যান্যের মধ্যে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:

## ক. বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি

এসএমএমআই বিভাগ পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে। ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর থেকে বিনিয়োগকারীরা কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) ব্যবহারের মাধ্যমে সহজেই যেকোনো স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল এবং উক্ত অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে অবহিত হন। সিসিএএম-এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

| অভিযোগ দাখিলকৃত প্রতিষ্ঠানের নাম | অভিযোগ প্রাপ্তির সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগ সংখ্যা | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| স্টক ব্রোকার / স্টক ডিলার | ৩০ | ১৯ | ১১ |
| মার্চেন্ট ব্যাংক | ১ | ০ | ১ |
| সম্পদ ব্যবস্থাপক কোম্পানি | ৬ | ৪ | ২ |
| সিকিউরিটিজ কাস্টডিয়ান | - | - | - |
| সিডিবিএল | - | - | - |
| **মোট** | **৩৭** | **২৩** | **১৪** |

সিসিএএম-এর মাধ্যমে অভিযোগ দাখিলের পাশাপাশি বিনিয়োগকারীগণ কর্তৃক কমিশনে লিখিতভাবে দাখিলকৃত অভিযোগসমূহ নিম্নরূপঃ

| অভিযোগ দাখিলকৃত প্রতিষ্ঠানের নাম | পূর্বে অনিষ্পত্তিকৃত অভিযোগ | বর্ণিত সময়ে অভিযোগ প্রাপ্তি | মোট অভিযোগ | ডিএসই ও সিএসইতে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ | সিসিএএম-এ আপলোডকৃত | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| স্টক ব্রোকার/স্টক ডিলার | - | ৮০ | ৮০ | ৬৬ | ৩ | ২ | ৯ |
| **মোট** | **-** | **৮০** | **৮০** | **৬৬** | **৩** | **২** | **৯** |

## খ. বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান-প্রদান

২০২৪ সালের ০৮ ডিসেম্বর অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত অনুযায়ী তদন্ত সংক্রান্ত বিষয়ে অন্যান্য সংস্থা থেকে প্রাপ্ত পত্রসমূহ মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন (এমআইআই) বিভাগ Control Point হিসেবে কাজ করে।

## গ. দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন সম্পর্কে গৃহীত পদক্ষেপ

কমিশনের নির্দেশনা অনুসারে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানিসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা এবং কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। গৃহীত পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে এসএমএমআই বিভাগ কর্তৃক সম্পাদিত পদক্ষেপসমূহ নিম্নরূপঃ

| পরিদর্শন পরিচালনাকারী প্রতিষ্ঠান | পূর্ব-পরীক্ষাধীন প্রতিবেদন সংখ্যা | বর্ণিত সময়ে গৃহীত প্রতিবেদন সংখ্যা | মোট প্রতিবেদন সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | এসআরআই বিভাগ কর্তৃক সতর্কপত্র প্রেরণ | নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| ডিএসই | - | ৫৪ | ৫৪ | ১৯ | - | ৩৫ | - |
| সিএসই | - | ৩ | ৩ | ৩ | - | - | - |
| **মোট** | **-** | **৫৭** | **৫৭** | **২২** | **-** | **৩৫** | **-** |

## ঘ. ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

এসএমএমআই বিভাগ স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে। ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত সম্পাদিত কার্যক্রম নিম্নরূপঃ

| কাজের বিবরণ | সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সংখ্যা | |
|---|---|---|
| | সিএসই | ডিএসই |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা | ৪৩ | ৮৬ |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সাথে সভা অনুষ্ঠান | - | ১২ |

## ঙ. মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/ সিইও-এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/সিইও-এর নিয়োগ সংক্রান্ত সম্পাদিত কার্যসমূহ নিম্নরূপঃ

| দরখাস্তের বিষয় | পূর্ব অনিস্পত্তিকৃত দরখাস্ত সংখ্যা | বর্ণিত সময়ে প্রাপ্ত দরখাস্ত সংখ্যা | মোট দরখাস্ত সংখ্যা | কমিশনের অনুমোদন | কমিশনের প্রত্যাখ্যান | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক/সিইও-এর নিয়োগ | - | ৩ | ৩ | ২ | - | ১ |
| শূন্য পদে ব্যবস্থাপনা পরিচালক/সিইও নিয়োগের সময়সীমা বর্ধিতকরণ | - | - | - | - | - | - |
| **মোট** | - | ৩ | ৩ | ২ | - | ১ |

## ৭. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক অর্থদণ্ড আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না-করা সংক্রান্ত প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট উপস্থাপন করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যের বিরুদ্ধে কমিশন কর্তৃক ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে গৃহীত এনফোর্সমেন্ট কার্যসমূহ নিম্নরূপ:

| ক্রম | বিবরণ | জরিমানা | সতর্কীকরণ | নিষ্পত্তিকরণ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ০ | ২ | ০ | ২ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/অনুমোদিত প্রতিনিধি | ১ | ৭৪ | ২ | ৭৭ |
| ৩ | মার্চেন্ট ব্যাংকার | ০ | ০ | ১ | ১ |
| ৪ | অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি | ০ | ১ | ০ | ১ |
| ৫ | ক্রেডিট রেটিং কোম্পানি | ০ | ০ | ০ | ০ |
| ৬ | কাস্টডিয়ান | ০ | ০ | ০ | ০ |
| ৭ | চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস | ০ | ৩ | ০ | ৩ |
| ৮ | বিনিয়োগকারী | ৯৫ | ৯ | ২ | ১০৬ |
| ৯ | স্টক এক্সচেঞ্জ | ০ | ০ | ০ | ০ |
| ১০ | অন্যান্য | ১ | ১৭১ | ৫ | ১৭৭ |
| | **সর্বমোট** | **৯৭** | **২৬০** | **১০** | **৩৬৭** |

## ৮. আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন বিষয়ে বৈশ্বিক সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ/ওয়েবিনার/সভা/সিম্পোজিয়ামে অংশগ্রহণের নিমিত্ত যাবতীয় কাষ সম্পাদন করে।

| ক্রমিক | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ০১. | পুঁজিবাজার সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থার ভার্চুয়াল ও আয়োজকের অর্থায়নে আয়োজিত প্রশিক্ষণের আয়োজন ও অংশগ্রহণ | ক. IOSCO কর্তৃক ২০২৫ সালের ০৭ ফেব্রুয়ারি এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য আয়োজিত 'Regional Outlook: Emerging Regulatory Risks' ওয়েবিনারে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ; এবং<br>খ. ২০২৫ সালের ১০-২০ মার্চ ভার্চুয়ালি অনুষ্ঠিত attending AMF France ২০২৫ আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ |
| ০২. | আন্তর্জাতিক সংস্থা হতে প্রাপ্ত Query ও Survey-এর প্রাসঙ্গিকতা যাচাইপূর্বক অংশগ্রহণ | ক. Supervisory Technology (SupTech) Survey এ অংশগ্রহণের আমন্ত্রণ কমিশনের নির্বাহী পরিচালক ও পরিচালকবৃন্দের নিকট প্রেরণ |
| ০৩. | বিশ্বের বিভিন্ন দেশ ও সংস্থার সাথে কৌশলগত সম্পর্ক বজায় রাখা | ক. ২০২৫ সালের ২০ ফেব্রুয়ারি অনুষ্ঠিত কমিশনের চেয়ারম্যানের সাথে পাকিস্তানের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যানের ভার্চুয়াল সভা সম্পর্কিত যোগাযোগ স্থাপন;<br>খ. IOSCO Benchmarks Network-এ যোগদান সম্পর্কিত নথি সম্পাদন;<br>গ. 'GEMC work on Financial Inclusion' প্ল্যাটফর্মে কমিশনের কর্মকর্তা মনোনয়ন;<br>ঘ. কমিশন ও কাজাখস্তানের 'Astana Financial Services Authority (AFSA)'র সাথে MoU-এর প্রস্তাবনা প্রত্যাহার সম্পর্কিত দাপ্তরিক প্রক্রিয়া সম্পন্ন; এবং<br>ঙ. কমিশনের চেয়ারম্যান মহোদয়ের 'Cambridge Islamic Finance Structuring Master Medinah Programme, IFN Bangladesh Dialogues as keynote speaker Ges AAOIFI public hearing' বিষয়ক আমন্ত্রণ সংক্রান্ত নথি সম্পাদন। |

# ৯. কর্পোরেট রিপোর্টিং

**কমিশনের অর্গানোগ্রাম অনুযায়ী, চিফ অ্যাকাউন্টেন্ট বিভাগের অধীনে দুটি বিভাগ বিদ্যমান; যথা:**

ক. অ্যাকাউন্টিং ও অডিটিং পলিসি বিভাগ, এবং

খ. কর্পোরেট রিপোর্টিং বিভাগ।

**কর্পোরেট রিপোর্টিং বিভাগের প্রধান কাজগুলি নিম্নরূপ:**

১. তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক ত্রৈমাসিক, বার্ষিক এবং অন্তর্বর্তী আর্থিক বিবরণী দাখিলের তদারকি;

২. তালিকাভুক্ত কোম্পানিসমূহের অনিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা;

৩. তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা;

৪. আইপিও/কিউআইও/আরপিও/রাইট ইস্যুর মাধ্যমে উত্তোলিত মূলধনের ব্যবহার প্রতিবেদন তদারকি;

৫. ইন্সপেকশন/ ইনকোয়ারি/ইনভেস্টিগেশন প্রস্তাব উত্থাপন; এবং

৬. কমিশন নির্ধারিত যেকোনো কাজ সম্পাদন।

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়ে কর্পোরেট রিপোর্টিং বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ :

**আর্থিক বিবরণী দাখিল সংক্রান্ত তথ্য**

| সূচকসমূহ | প্রত্যাশিত | প্রকৃত |
|---|---|---|
| কোম্পানির বার্ষিক আর্থিক বিবরণী জমা | ০১ | ১৫ |
| অন্তর্বর্তীকালীন (Q1) প্রতিবেদনসমূহ জমা | ০১ | ০৫ |
| অন্তর্বর্তীকালীন (Q2) প্রতিবেদনসমূহ জমা | ২৩৪ | ১৩২ |
| অন্তর্বর্তীকালীন (Q3) প্রতিবেদনসমূহ জমা | ০২ | ০১ |
| আইপিও/আরপিও/কিউআইও/আরআই তহবিলের ব্যবহার সংক্রান্ত ব্যবহার প্রতিবেদনসমূহ জমা | ৩১ | ২৩ |

## অন্যান্য কার্য

| সূচকসমূহ | কার্য সংখ্যা |
|---|---|
| **বার্ষিক আর্থিক বিবৃতি** | |
| অধিক তথ্য বা ব্যাখ্যা তলব | ০২ |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০৩ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০১ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করার জন্য ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০০ |
| সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না-করায় ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০২ |
| স্বতন্ত্র বহিঃনিরীক্ষকের কোয়ালিফাইড অপিনিয়ন/অ্যাডভার্স অপিনিয়ন/ডিসক্লেইমার সংখ্যা | ০১ |
| **প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০৩ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০৩ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করায় ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০০ |
| **দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০৭ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০৩ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করায় ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০০ |
| **তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০০ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০১ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করায় ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০০ |
| **আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ** | |
| তহবিলের ব্যবহারের প্রতিবেদনসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০০ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০২ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না করায় ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য | ০০ |
| এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | |
| **বিশেষ নিরীক্ষা/তদন্ত/ অনুসন্ধান** | |
| বিশেষ নিরীক্ষক নিয়োগ প্রস্তাব প্রদান | ০০ |
| তদন্ত/ অনুসন্ধান প্রস্তাব প্রদান | ১২ |
| সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না করায় ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ১০ |

## ১০. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

- কমিশনের আইসিটি অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ, ই-সার্ভিস প্রবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ ও ডিজিটালাইজড্ পুঁজিবাজার মনিটরিং সিস্টেম বিনির্মাণ করাই এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

  কমিশনের এমআইএস বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

➤ দাপ্তরিক কাজের জন্য সরকারের ডি-নথি ব্যবস্থা ব্যবহারে কারিগরি সহায়তা প্রদান;

➤ দাপ্তরিক কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার স্থাপন ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান;

➤ অনলাইন সভাসহ বিভিন্ন সভা/সেমিনার/সচিত্র উপস্থাপনার জন্য কারিগরি সহায়তা প্রদান;

➤ ২০০ এমবিপিএস গতির নিরবচ্ছিন্ন ইন্টারনেট (১০০ এমবিপিএস রিডানডেন্ট সংযোগ ব্যবস্থাসহ) সেবা নিশ্চিতকরণ;

➤ কমিশনের ডিজিটাল তথ্যাবলি সংরক্ষণ ও ব্যাক-আপের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

➤ তথ্য প্রযুক্তি (আইটি) সংক্রান্ত ক্রয়ের কারিগরি বিশেষীকরণ (Technical Specification) তৈরি;

➤ কমিশনের তথ্যের সাইবার নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

➤ কমিশনে কর্মরতদের Information Security Awareness-এর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

➤ কমিশনের টেন্ডার প্রক্রিয়া ই-জিপি (e-GP) পোর্টালের মাধ্যমে সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

➤ কমিশনের বিভিন্ন বিভাগের চাহিদা অনুসারে সিস্টেম ডেভেলপমেন্ট/মডিফিকেশন/আপগ্রেডেশন/মেইনটেন্যান্স কাজ; এবং

➤ কমিশনের ওয়েবসাইটটি (ডোমেইন: www.sec.gov.bd) সর্বদা চালুকরণ, তথ্য হালনাগাদ এবং সাইবার নিরাপত্তা নিশ্চিত করা ইত্যাদি।

### ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে সম্পাদিত/চলমান কার্যক্রমসমূহ

১. ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে IT Support Ticket Management System (ITMS)-এর মাধ্যমে ১৩৩টি (Ticket Status-Closed/In Review) আইটি সহায়তার অনুরোধ নিষ্পত্তি করা হয়েছে। ITMS টিকেট ব্যতীত কর্মকর্তাদের ফোন/ইমেইল/মৌখিক দাপ্তরিক নির্দেশনা প্রেক্ষিতে ৪১৪টি আইটি সহায়তার অনুরোধ যথাযথভাবে নিষ্পত্তি করা হয়েছে।

২. ২০২৫ সালের ২৮ জানুয়ারি বিএসইসি আগারগাঁওস্থ কমিশন ভবনের বোর্ডরুমে 'অনলাইন আইপিও অ্যাপিকেশন সফটওয়্যার প্রেজেন্টেশন' বিষয়ে অনুষ্ঠিত সভায় উক্ত সফটওয়্যার ডেভেলপকারী প্রতিষ্ঠান ট্যাপওয়্যার সলিউশনস লিমিটেড সফটওয়্যার সম্পর্কিত একটি প্রেজেন্টেশন ও ডেমনস্ট্রেশন প্রদান করেন। উক্ত সভায় কমিশনের মাননীয় চেয়ারম্যান মহোদয় (ভারপ্রাপ্ত), সম্মানিত কমিশনারগণ, পুঁজিবাজার টাস্কফোর্সের মনোনীত প্রতিনিধি-বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর সিএসই বিভাগের অধ্যাপক ড. মোঃ মোস্তফা আকবর, পুঁজিবাজার টাস্কফোর্স ফোকাস গ্রুপের মনোনীত প্রতিনিধি-সিসিবিএল এর সিটিও জনাব এম. ইমাম হোসেন, কমিশনের সিএফডি ও আইসিটি ডিভিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৩. ২০২৪ সালের ০৮ ডিসেম্বর অনুষ্ঠিত কমিশনের সমন্বয় সভায় ডেট সিকিউরিটিজ রিপেমেন্ট মনিটরিং সিস্টেম (DSRMS)-এর পাইলট টেস্টিং জানুয়ারির মধ্যে সম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়। যার পরিপ্রেক্ষিতে নির্বাহী পরিচালক (আইসিটি) মহোদয়ের নির্দেশনা অনুসারে ২০২৫ সালের ১৯ জানুয়ারি কমিশন ভবনের ১০৪ নং কক্ষে DSRMS-এর পাইলট টেস্টিং সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত টেস্টিংয়ে প্রাথমিকভাবে তিনটি ডেট সিকিউরিটিজ সম্পর্কে কার্যক্রম শুরু করা হয়। সভায় সংশ্লিষ্ট ডেট সিকিউরিটিজ ইস্যুয়ার, ট্রাস্টি, কমিশনের সিএফডি এবং আইসিটি ডিভিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৪. কমিশনের Vulnerability Assessment & Penetration Testing (VAPT) সংক্রান্ত দাপ্তরিক কম্পিউটারের মাধ্যমে ডেট সিকিউরিটিজ রিপেমেন্ট মনিটরিং সিস্টেম (DSRMS)-এর প্রাথমিক অভ্যন্তরীণ Vulnerability Assessment প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

৫. কমিশনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-(BCC) এর অধীনে পরিচালিত সরকারি প্রকল্প BGD e-GOV CIRT-এর মাধ্যমে আইটি অডিট কার্যক্রম পরিচালনার জন্য একটি প্রস্তাবনা আইসিটি বিভাগ থেকে অনুমোদনের জন্য উত্থাপিত হয়েছে।

### কমিশনের ওয়েবসাইটে ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে আপলোডকৃত তথ্যসমূহ নিম্নরূপঃ

- ❒ আইপিও প্রসপেক্টাস : ০১টি,
- ❒ আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি : ০৪টি,
- ❒ এনফোর্সমেন্ট অ্যাকশন : ১৪৮টি,
- ❒ প্রেসবিজ্ঞপ্তি : ১৮টি,
- ❒ দরপত্র বিজ্ঞপ্তি : ১২টি, এবং
- ❒ অন্যান্য প্রাপ্ত তালিকা।

# ১১. লিগ্যাল সার্ভিস

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মামলা সংক্রান্ত তথ্যাদি:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-বিপক্ষে বিভিন্ন আদালতে ২০২৫ সালের জানুয়ারি–মার্চ সময়ে ৩৩টি মামলা দায়ের করা হয়। কোনো মামলা নিষ্পত্তি হয়নি। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-বিপক্ষে দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলাসমূহ নিম্নরূপ:

| বিএসইসি কর্তৃক /বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা | মামলা সংখ্যা | বিবরণ |
|---|---|---|
| বিএসইসি কর্তৃক দায়েরকৃত মামলা | ০২টি | সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে কমিশন কর্তৃক আরোপিত জরিমানা আদায়ের জন্য Public Demands Recovery Act, 1913-এর অধীনে জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা-এ ০২টি সার্টিফিকেট মামলা মামলা দায়ের; |
| বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা | ৩১টি | সিকিউরিটিজ সংক্রান্ত আইন, কমিশনের জরিমানার আদেশ চ্যালেঞ্জ এবং অন্যান্য কারণে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ৩১টি রিট মোকদ্দমা দায়ের করা হয়েছে। |

# ১২. ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট

## মিউচ্যুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন বিভাগ

মিউচ্যুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন বিভাগ প্রধানত মিউচ্যুয়াল ফান্ড, এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড নিবন্ধন, অবসায়ন, রূপান্তর, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে।

## ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলি

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে উক্ত বিভাগ কোনো মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদান করেনি।

## ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলি

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে উক্ত বিভাগ কোনো মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেনি।

## ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন সংক্রান্ত কার্যাবলি

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে উক্ত বিভাগ কোনো মিউচ্যুয়াল ফান্ডের প্রসপেক্টাস প্রদান করেনি।

## মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কিত পরিচালিত পরিদর্শন কার্যক্রম

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কিত কোনো পরিদর্শন আদেশ জারি হয়নি।

## মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কিত পরিচালিত তদন্ত কার্যক্রম

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কিত ০১টি তদন্ত কার্যক্রম গ্রহণ করা হয়। যার বিবরণ নিম্নরূপ:

| তদন্ত সংখ্যা | সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড সংখ্যা | | দাখিলকৃত তদন্ত প্রতিবেদন সংখ্যা | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|
| ০১ | মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | ০৩ | - | ০১ |
| | বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | ০১ | | ০১ |
| ০১ | | | - | |

## দাখিলকৃত তদন্ত/পরিদর্শন প্রতিবেদন সম্পর্কে গৃহীত পদক্ষেপ

কমিশনের তদন্ত/পরিদর্শন দল মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কে তদন্ত/পরিদর্শন কার্যক্রম পরিচালনাপূর্বক কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করে। উক্ত প্রতিবেদনের ভিত্তিতে ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে এটি বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ নিম্নরূপ:

| পূর্ব-পরীক্ষাধীন প্রতিবেদন সংখ্যা | বর্ণিত সময়ে গৃহীত প্রতিবেদন সংখ্যা | মোট প্রতিবেদন সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ব্যবস্থা গ্রহণ ব্যতীত নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|
| - | ০১ | - | ০১ | - | - |

## সম্পদ ব্যবস্থাপক কোম্পানি কর্তৃক দাখিলকৃত মিউচ্যুয়াল ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

উক্ত বিভাগ সম্পদ ব্যবস্থাপক কোম্পানি কর্তৃক দাখিলকৃত মিউচ্যুয়াল ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে। ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে মিউচ্যুয়াল ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষান্তে গৃহীত ব্যবস্থা নিম্নরূপ:

| কাজের বিবরণ | সংখ্যা |
|---|---|
| ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন সম্পর্কিত পর্যবেক্ষণ উপস্থাপন | ০৪ |
| ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষাপূর্বক এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | - |

## অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ প্রধানত এরূপ ফান্ডের নিবন্ধন, অবসায়ন, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে।

## ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলি

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ কর্তৃক কোনো ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদান করেনি।

## ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলি

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ কর্তৃক কোনো ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেনি।

## ফান্ডের তদারকি সংক্রান্ত কার্যাবলি

**অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড সম্পর্কিত পরিচালিত পরিদর্শন কার্যক্রম**

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড সম্পর্কিত কোনো পরিদর্শন কার্যক্রম গ্রহণ করা হয়নি।

## অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড সম্পর্কিত পরিচালিত তদন্ত কার্যক্রম

২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড সম্পর্কিত কোনো তদন্ত কার্যক্রম গ্রহণ করা হয়নি।

## দাখিলকৃত তদন্ত প্রতিবেদন সম্পর্কে গৃহীত পদক্ষেপ

কমিশনের তদন্ত/পরিদর্শন দল অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড সম্পর্কিত তদন্ত /পরিদর্শন কার্যক্রম পরিচালনাপূর্বক কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। প্রতিবেদনের ভিত্তিতে জানুয়ারি-মার্চ, ২০২৫ সময়কালে উক্ত বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ নিম্নরূপ:

| পূর্ব-পরীক্ষাধীন প্রতিবেদন সংখ্যা | বর্ণিত সময়ে গৃহীত প্রতিবেদন সংখ্যা | মোট প্রতিবেদন সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ব্যবস্থা গ্রহণ ব্যতীত নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|
| - | ০২ | ০২ | ০২ | - | - |

## ফান্ড ম্যানেজার কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

উক্ত ডিভিশন ফান্ড ম্যানেজার কর্তৃক দাখিলকৃত অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে। ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত সম্পাদিত কার্যক্রম নিম্নরূপ:

| কাজের বিবরণ | সংখ্যা |
|---|---|
| ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপর পর্যবেক্ষণ উপস্থাপন | ০৩ |
| ফান্ডের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষাপূর্বক এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | - |

# ১৩. ফিন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা ও কনফারেন্স আয়োজন করে। এরূপ আয়োজন বিনিয়োগকারীকে সঠিক বিনিয়োগে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এছাড়া, এই বিভাগ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম, পুঁজিবাজারের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত ব্যক্তির প্রশিক্ষণ এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ এবং উক্ত বিভাগের তত্ত্বাবধানে ডিএসই ও সিএসই কর্তৃক পরিচালিত ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

| ক্রম | বিবরণ | অংশগ্রহণকারী (জন) |
|---|---|---|
| ১ | বিনিয়োগকারীদের প্রশিক্ষণ | ৫১৬ |
| ২ | পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের প্রশিক্ষণ | ৬৪৮ |
| ৩ | ডিএসই ও সিএসই'র ট্রেকহোল্ডারদের অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ | ৮৮ |
| ৪ | তালিকাভুক্ত কোম্পানিসমূহ সম্পর্কিত Compliance of Securities Markets সেমিনার অনুষ্ঠান | ৪০ |
| | **সর্বমোট** | **১২৯২** |

## ১৪. ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস

কমিশনের ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস বিভাগ দেশের প্রথম ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস প্ল্যাটফর্ম চালুর লক্ষ্যে ২০২৪ সালের ২-৩ মে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই), বাজার বিশেষজ্ঞ এবং অন্যান্য সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে একটি নলেজ শেয়ারিং কর্মশালা আয়োজন করে। কর্মশালায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে একটি কার্যকরী ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস প্ল্যাটফর্ম প্রচলনে কমিশনের ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস বিভাগ Bangladesh Securities and Exchange Commission (Financial Derivatives Exchange) Rules, 2024 শিরোনামে খসড়া বিধিমালা প্রস্তুত করে। ২০২৫ সালের ২৫ জানুয়ারি ডেরিভেটিভস ডিভিশনের কমিশনারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই)-এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট উপস্থাপনের মাধ্যমে খসড়া বিধিমালার অধ্যায়ভিত্তিক মতামত পৃথকভাবে প্রদানের অনুরোধ জানানো হয়। এ প্রেক্ষিতে ২০২৫ সালের ২৩ মার্চ সিএসই খসড়া বিধিমালার অধ্যায়ভিত্তিক মতামত কমিশনে দাখিলপূর্বক পর্যালোচনা কার্যক্রম চলমান রয়েছে। ডিএসই এবং সিএসই-এর দাখিলকৃত মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধনের পর খসড়া বিধিমালাটি চূড়ান্তকরণে কমিশনের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হবে।

## ১৫. কমোডিটি প্রোডাক্ট

**জানুয়ারি-মার্চ ২০২৫ সময়কালে কমোডিটি প্রোডাক্ট বিভাগের সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি নিম্নরূপ:**

Bangladesh Securities and Exchange Commission (Commodity Exchange) Rules, 2023-এর আওতায় বাংলাদেশে প্রথমবারের ন্যায় কমোডিটি ডেরিভেটিভসের ট্রেডিং চালুকরণে কমিশনের কমোডিটি প্রোডাক্ট বিভাগ কাজ করছে। যার অংশ হিসেবে ২০২৫ সালের ২০ ফেব্রুয়ারি Securities and Exchange Commission of Pakistan (SECP)–এর সাথে কমোডিটি এক্সচেঞ্জ সংক্রান্ত বিষয়ে দ্বিপক্ষীয় অনলাইন সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কমিশনের চেয়ারম্যান, সকল কমিশনার ও কমোডিটি প্রোডাক্ট বিভাগের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। এছাড়া, কমোডিটি ডেরিভেটিভস এক্সচেঞ্জ সম্পর্কে ব্যবহারিক জ্ঞান অর্জনে Pakistan Mercantile Exchange–এর সাথে একটি অনলাইন প্রেজেন্টেশন সেশন আয়োজন করা হয়েছে। দেশে কমোডিটি এক্সচেঞ্জ সম্পর্কে সচেতনতা ও বিনিয়োগ শিক্ষা গঠনের উদ্দেশ্যে CSE, BASM এবং BICM–এর সমন্বয়ে এ বিষয়ে Training of Trainers (ToT) আয়োজন করা হয়েছে।

## ১৬. জনসংযোগ

এই বিভাগ কমিশনের জনসংযোগ বিষয়ে প্রয়োজনীয় কার্যাবলি সম্পন্ন করে। ২০২৫ সালের জানুয়ারি-মার্চ সময়কালে সম্পাদিত কার্যক্রম নিম্নরূপ:

১. জনসংযোগ বিভাগের দুইটি শাখা হতে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত পুঁজিবাজার সংশ্লিষ্ট সংবাদের ভিত্তিতে মোট ২৪ (চব্বিশ) টি সাপ্তাহিক পর্যালোচনা-প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

২. জনসংযোগ বিভাগের সহযোগিতায় কমিশন কর্তৃক মোট ১৫ (পনেরো) টি প্রেসবিজ্ঞপ্তি ইস্যু হয়েছে। ইস্যুকৃত প্রেসবিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে (www.sec.gov.bd এবং www.এসইসিবিডি.বাংলা) প্রকাশিত হয়েছে।

## ১৭. মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন

কমিশনের ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশনের অধীনে মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট চালু করা হয়েছে। এ ডিপার্টমেন্টের আওতায় এক্সচেঞ্জ অ্যাফেয়ার্স সেকশন ও ইস্যুয়ার কোম্পানি অ্যান্ড আদার ইন্টারমিডিয়ারিজ অ্যাফেয়ার্স সেকশন রয়েছে। কমিশনের নব গঠিত মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট কার্যাবলি নিম্নরূপ:

১. মার্কেট ম্যানিপুলেশন, গুজব ও নাশকতা সংক্রান্ত গোয়েন্দা তথ্য সংগ্রহ; এবং

২. প্রাপ্ত গোয়েন্দা তথ্য বিশ্লেষণ ও যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য কমিশনের নিকট গোয়েন্দা প্রতিবেদন দাখিল করা।

মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট কর্মপরিকল্পনা নির্ধারণপূর্বক নিয়মিতভাবে পুঁজিবাজারের সম্ভাব্য অনিয়ম ও তদ্‌সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাপারে তথ্য সংগ্রহের নিমিত্তে গোয়েন্দা কার্যক্রম পরিচালনা করছে।

### ক. ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন কর্তৃক ০১ জানুয়ারি–৩১ মার্চ ২০২৫ সময়কালের অনুসন্ধান/তদন্ত সম্পর্কিত তথ্য নিম্নরূপঃ

| ক্রম | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | ইস্যুকৃত অনুসন্ধান/তদন্ত আদেশ | ২২ |
| ২ | অনুসন্ধান কমিটি কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন | ১২ |

### খ. ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন কর্তৃক ০১ জানুয়ারি–৩১ মার্চ ২০২৫ সময়কালের পরিদর্শন সম্পর্কিত তথ্য নিম্নরূপঃ

| ক্রম | ইস্যুকৃত আদেশ সংখ্যা | দাখিলকৃত প্রতিবেদন সংখ্যা |
|---|---|---|
| ১ | ০৭ | ০৯ |

## ১৮. স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস

### ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড পিএলসি
জানুয়ারি-মার্চ ২০২৫

| মাস | ডিএসই ব্রড সূচক (DSEX) | বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যা) | | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ৫,১১২.৯০ | ৬৬,৪৮,২৫০.৯৪ | ২২ | ২,৯৭০.৬৭ | ১৩৫.০৩ | ৮০,২৫৮.৯৯ | ৩,৬৪৮.১৪ |
| ফেব্রুয়ারি | ৫,২৪৭.৩০ | ৬৯,৫৩,৬৪২.০৭ | ২০ | ৩,৮০১.৬৮ | ১৯০.০৮ | ৯১,৮২২.৫১ | ৪,৫৯১.১৩ |
| মার্চ | ৫,২১৯.১৬ | ৬৭,৩৮,৬৬১.৭২ | ১৯ | ২,৯৩২.২১ | ১৫৪.৩৩ | ৭৭,৭৯৬.৩৩ | ৪,০৯৪.৫৪ |
| **মোট** | | | **৬১** | **৯,৭০৪.৫৬** | **১৫৯.০৬** | **২,৪৯,৮৭৭.৮৩** | **৪,০৯৬.৩৬** |

* মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য
উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড পিএলসি

### চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি
জানুয়ারি-মার্চ ২০২৫

| মাস | সকল শেয়ারের মূল্যসূচক | বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যা) | | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ১৪,২৯৪.০৭৫০ | ৬৯,৩১,৪২৬.৮৮ | ২২ | ৬৮.৪৪ | ৩.১১ | ৩,৭৬০.৮৭ | ১৭০.৯৫ |
| ফেব্রুয়ারি | ১৪,৬৩৩.০০৯১ | ৭০,৫২,১৩২.৫৬ | ২০ | ৫৬.৪১ | ২.৮২ | ২,৬০২.৩৫ | ১৩০.১২ |
| মার্চ | ১৪,৫৪১.৩৫০৮ | ৭০,২০,০৩০.৭৯ | ১৯ | ৪৭.৯১ | ২.৫২ | ১,৩২৩.৭৭ | ৬৯.৬৭ |
| **মোট** | | | **৬১** | **১৭২.৭৬** | **২.৮৩** | **৭,৬৮৬.৯৯** | **১২৬.০২** |

* মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান রূপে বিবেচ্য
উৎস: চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

## বিএসইসি ওয়েবসাইটের বিষয়বস্তু

● বিএসইসি সম্পর্কে ● উল্লেখযোগ্য ঘটনা ● প্রেস রিলিজ ● সিকিউরিটিজ আইন ● বিনিয়োগকারীর তথ্য ● আইপিও প্রসপেক্টাস ● বার্ষিক প্রতিবেদন ● ত্রৈমাসিক প্রতিবেদন ● এনফোর্সমেন্ট অ্যাকশনস্ ● বাজার মধ্যস্থতাকারীদের তালিকা ● কর্মসংস্থান তথ্য ● দরপত্র তথ্য ● বিধি সংশোধনে মন্তব্যের অনুরোধ ● গুরুত্বপূর্ণ লিঙ্ক

## রেফারেন্স রুম

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন: (৮৮)-০২-৫৫০০৭১৭৩-২, ফ্যাক্স: (৮৮)-০২-৫৫০০৭১০৬

## যা আছে:

- বিএসইসি'র প্রকাশনা
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রসপেক্টাস
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রকাশিত অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী
- সিকিউরিটি আইন, রুলস্ ও রেগুলেশনস্/গেজেট নোটিফিকেশনস্
- পুঁজিবাজারের উপর স্থানীয়/বিদেশি প্রকাশনা
- বিএসইসি প্রকাশনার গ্রাহক হওয়ার সুযোগ


# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**

**ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ**

Website: www.secbd.org, www.sec.gov.bd, www.এসইসিবিডি.বাংলা
E-mail: info@sec.gov.bd